



যুগান্তর

ফেনীর দাগনভূঞার দুর্ভিক্ষের আঁকনে পুড়ে যাওয়া গজারিয়া আদর্শ একাডেমিতে খোলা আকাশের নিচে ক্লাস করছে শিক্ষার্থীরা

ভস্মীভূত স্কুলের ক্লাস খোলা আকাশের নিচে

বোঃ আবু তাহের, দাগনভূঞা থেকে

দশম জাতীয় সংসদ নির্বাচনে ভোট কেন্দ্র হিসেবে ব্যবহৃত হওয়ার কথা— এমন পাঁচটি শিক্ষাপ্রতিষ্ঠানে গত ৩ জানুয়ারি রাতে দুর্ভিক্ষ আওতায় দেয়। এতে দুটি শিক্ষাপ্রতিষ্ঠানের বইশ্রম, আসবাবপত্রসহ সম্পূর্ণ প্রতিষ্ঠান পুড়ে গেছে এবং অপর ৩টি প্রতিষ্ঠানের আসবাবপত্রের আংশিক ক্ষতিগ্রস্ত হয়েছে। বর্তমানে সম্পূর্ণ পুড়ে যাওয়া ২টি প্রতিষ্ঠানের শিক্ষার্থীরা ক্লাস করছে খোলা আকাশের নিচে।

ফেনীর দাগনভূঞা উপজেলার এ পাঁচটি শিক্ষাপ্রতিষ্ঠান হল— জায়দুল হকের ইউনিয়নের গুবরপুর সুলতানা মেমোরিয়াল বাসিকবিদ্যালয়, উচ্চবিদ্যালয় এবং পূর্ব চন্দ্রপুর ইউনিয়নের গজারিয়া আদর্শ একাডেমি, পূর্ব চন্দ্রপুর ইউনিয়নের নয়নপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়, রায়নগর ইউনিয়নের উত্তর পেকাত্তরপুর বগিরিয়া দাবিদা মাদ্রাসা এবং মাতুভূঞা ইউনিয়নে করিম উদ্দয় উচ্চবিদ্যালয়।

সরেজমিনে দেখা যায়, নির্বাচনের অরণ্যে সম্পূর্ণ পুড়ে যাওয়া গজারিয়া আদর্শ একাডেমিতে দীর্ঘ এক সপ্তাহ বন্ধ থাকার পর পনিবার থেকে খোলা আকাশের নিচে ক্লাস শুরু হয়েছে। টেবিল ও বেঞ্চ সংকটের কারণে আশপাশের বাড়ির লোকজন থেকে

টেবিল ও বেঞ্চ সংগ্রহ করে পাঠদান শুরু হয়েছে। পাঠ্যবইয়ের সংকটের কারণে শিক্ষার্থীদের পড়ালেখা ব্যাহত হচ্ছে। নতুন খাতাপত্র কিনে অফিস কার্যক্রমও চালু হয়েছে। অফিসও চলছে বিদ্যালয় মাঠে। এদিকে অপর ক্ষতিগ্রস্ত শিক্ষাপ্রতিষ্ঠান সুলতানা মেমোরিয়াল গাদর্শ টুলেও খোলা আকাশের নিচে ক্লাস শুরু হয়েছে বলে বিদ্যালয় সূত্রে জানা গেছে। গজারিয়া আদর্শ একাডেমির এক ছাত্রের অভিভাবক জাহানারা বেগম বলেন, প্রায় আড়াইশ' ছাত্রের এই ছুদ বর্তমানে চরম সংকটে পড়েছে। শিক্ষার্থীদের কথা বিবেচনা করে এ অবস্থায় সবার সহযোগিতায় হাত প্রসারিত করার অনুরোধ জানান তিনি।

গজারিয়া আদর্শ একাডেমির অধ্যক্ষ হুমায়ুন কবির জানান, পুড়ে যাওয়া ছুদে কিছুই পাওয়া যায়নি। বই-খাতা থেকে শুরু করে অফিসের কাগজপত্র, আসবাবপত্র অবশিষ্ট না থাকায় তারা চরম বেকারমার পড়েছেন। নতুন করে সব তৈরি করতে হচ্ছে। আর্থিক অসঙ্গতির কারণে পুড়ে যাওয়া ভবনটি মেরামত শুরু করা যাচ্ছে না। তিনি সরকারের সর্বশ্রেষ্ঠ দৃষ্টিভঙ্গির সহযোগিতা কামনা করেছেন। দাগনভূঞা থানার অগ্রশ্রী কর্মকর্তা (ওপি) বোঃ নিয়াম উদ্দিন বলেন, পুলিশ ঘটনাস্থল পরিদর্শন করেছে। এ ঘটনায় মামলা হয়েছে।